দৈনিক খবর
তারিখ ...21 OCT 1990
পৃষ্ঠা...7...কলাম...9...

# 'অধ্যাদেশটি সিন্ডিকেটের অধিকার ক্ষুণ্ণ করেছে'

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বলেছে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (শান্তি-শৃংখলা) অধ্যাদেশটি সিন্ডিকেটের অধিকার ক্ষুণ্ণ করেছে।

গতকাল শনিবার বিকেলে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় গৃহীত সিদ্ধান্তে

১-এর পাতায় দেখুন

## অধ্যাদেশটি

প্রথম পৃষ্ঠার পর

একথা বলা হয়। সভায় ১৯৯০ সালের শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত ১৩ নম্বর অধ্যাদেশ সম্পর্কে দু'জন আইনজ্ঞের মতামত বিবেচনা করা হয়।

সিন্ডিকেটে বিস্তারিত আলোচনার পরে গৃহীত সিদ্ধান্তে বলা হয়, ১৯৭৩ সালের আদেশে যেহেতু বিশ্ববিদ্যালয় খোলা এবং বন্ধ করা সিন্ডিকেটের দায়িত্ব সেহেতু ১৯৯০ -এর ১৩নং অধ্যাদেশটি সিন্ডিকেটের অধিকার ক্ষুণ্ণ করেছে বিধায় সিন্ডিকেট এ অধ্যাদেশটি প্রত্যাহারের জন্য সরকারের নিকট আহবান জানাচ্ছে। যেহেতু অর্ডিন্যান্সটি সকল বিশ্ববিদ্যালয়ের জন্য প্রযোজ্য সেহেতু সিন্ডিকেট উপাচার্যকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের মাধ্যমে সরকারের সাথে যোগাযোগ করে উপরোক্ত সিদ্ধান্ত কার্যকর করার জন্য অনুরোধ জানাচ্ছে।